

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৬৯

পর্ব-১১: হজ (এшыл)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মক্কায় প্রবেশ করা ও তাওয়াফ প্রসঙ্গে

بَابُ دُخُوْلِ مَكَّةَ وَالطَّوَافِ

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: طَافَ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي حَجَّةِ الْوَدَاعِ عَلَى بعير يسْتَلَم الرُّكْن بمحجن

বাংলা

২৫৬৯-[৯] 'আব্দুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজে উটের উপর থেকে তাওয়াফ করেছেন, মাথা বাঁকা লাঠি দিয়ে হাজারে আসওয়াদ স্পর্শ করেছেন। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৬০৭, মুসলিম ১২৭৩, আবূ দাউদ ১৮৭৭, নাসায়ী ৭১৩, ইবনু মাজাহ ২৯৪৮, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৭৮০, সুনানুল কুবরা লিল বায়হাকী ৯৩৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে বলা হচ্ছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিদায় হজে উটের পিঠে বসে তাওয়াফ করেছেন। মূলত এ তাওয়াফ ছিল কুরবানীর দিনের তাওয়াফে ইফাযাহ্ অথবা বিদায়ী তাওয়াফ। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে হেঁটে হেঁটে তাওয়াফ করেছেন তার প্রমাণ পাওয়া যায় জাবির (রাঃ) বর্ণিত হাদীস দ্বারা। শায়খ দেহলবী (রহঃ) বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক উটের পিঠে বসে তাওয়াফ করার অন্যতম কারণ ছিল যে, তখন প্রচন্ড ভীড় ছিল। আরো একটি কারণ ছিল তা হলো- যাতে লোকেরা তাঁর কাছ থেকে বিভিন্ন বিধি-বিধান সম্পর্কে প্রশ্ন করতে পারে সেদিকে খেয়াল রেখে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উটের পিঠে তাওয়াফ করেছেন। এছাড়াও আরো একটি কারণ হলো যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম উটের পিঠে বসে তাওয়াফ করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন